তারিখ 14 APR 2016
পৃষ্ঠা 20 কলাম 2

দৈনিক জনকণ্ঠ

# নার্সিং পেশার উন্নয়নে গ্র্যাজুয়েশন কোর্স চালু করবে জাপান

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) বাংলাদেশের নার্সিং সেবার মান উন্নয়নের জন্য জাপানের কোচি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

জাপানের কোচি বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট হিরোকো মিনামি বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে সাক্ষাতকালে প্রকল্পটি নিয়ে

## প্রধানমন্ত্রীর সঙ্গে কোচি বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্টের সাক্ষাত

আলোচনা করেন। খবর বাসসর। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম পরে সাংবাদিকদের ব্রিফিংকালে বলেন, জাইকার সহায়তায় বাস্তবায়নাধীন (প্রজেক্ট ফর ক্যাপাসিটি বিল্ডিং অব নার্সিং সার্ভিসেস) বাংলাদেশে এই প্রকল্পটি নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বাস্তবায়ন করা হবে। তিনি বলেন, এই প্রকল্পের আওতায় কোচি বিশ্ববিদ্যালয় নার্সিং শিক্ষায় ব্যবহারিক শাখার উন্নয়নের জন্য একটি গ্রাজুয়েশন কোর্সও চালু করবে।

দ্বিপাক্ষিক আলোচনায় প্রধানমন্ত্রী দেশে নার্সিং খাতের উন্নয়নে তাঁর সরকার গৃহীত বিভিন্ন পদেক্ষেপের কথা তুলে ধরেন।

নার্সিংকে আরও আকর্ষণীয় পেশায় রূপ দিতে তাঁর সরকার বিভিন্ন উদ্যোগ নিচ্ছে বলেও তিনি জানান।

প্রধানমন্ত্রী বলেন, এক সময় এখানে নার্সিং পেশা অবহেলিত ছিল। এ মহান পেশাকে আরও আকর্ষণীয় করতে, মানুষ যেন এ পেশায় যোগ দিতে উৎসাহিত হয় সে জন্য আওয়ামী লীগ সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, চাকরির সুযোগ তৈরি করতে সরকার বেসরকারী খাতকেও সুযোগ করে দিয়েছে। সরকারের বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে দেশে মাতৃ ও শিশু মৃত্যু হার হ্রাসের কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। সরকার চট্টগ্রাম ও রাজশাহীতে আরও দুটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন করতে যাচ্ছে বলেও তিনি জানান। সাক্ষাতকালে অন্যান্যের মধ্যে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সুরাইয়া বেগম, জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতেনাবে, জাইকার আবাসিক প্রতিনিধি মিকিও হেদাতে উপস্থিত ছিলেন।